

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ  
আমার বাড়ি আমার খামার প্রকল্প  
প্রশাসন ও সমন্বয় শাখা

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.২৭.০০৬.১৯.১৪৯

তারিখ: ১৫ বৈশাখ ১৪২৬

২৮ এপ্রিল ২০১৯

**বিষয়: কারন দর্শানো প্রসঙ্গে।**

জনাব মোঃ তোফাজ্জল হোসেন, উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, লাখাই হবিগঞ্জ বিগত ১৫.০৪.২০১৯ তারিখ হতে কোন অনুমোদন ছাড়াই কর্মস্থলে অনুপস্থিত আছেন। তিনি ২৫.০৪.২০১৯ খ্রি. পর্যন্ত ময়মনসিংহে অবস্থান করছিলেন মর্মে তার সাথে ঐ দিন টেলিফোন আলোচনায় জানা যায় এবং তিনি বিগত ১০ (দশ) দিন কর্মস্থলে অনুপস্থিতির জন্য দুঃখ প্রকাশ করেন। তার এহেন আচরণ সরকারি কাজে গুরুতর অসদাচারণ, শৃঙ্খলা পরিপন্থী ও দুর্নীতির সামিল। একজন অফিস প্রধান হয়ে তিনি উর্ধ্বতন কর্তৃপক্ষের কোনরূপ অনুমোদন না নিয়ে কর্মস্থল ত্যাগ করেছেন এবং মৌখিক ভাবেও কাউকে অবহিত করার প্রয়োজন মন করেননি। একজন অফিস প্রধানের আচরণ এরূপ হলে অফিস পরিচালনা অসম্ভব হয়ে পড়ে। তার এরূপ অসদাচারণ ও শৃঙ্খলা পরিপন্থী কাজের ফলে আমার বাড়ি আমার খামার প্রকল্পের লাখাই উপজেলার কার্যক্রম হুমকির সম্মুখীন হয়ে পড়েছে। ইতিপূর্বেও তার পূর্বের কর্মস্থলে অদক্ষতার অভিযোগ আছে। তার মতো কর্মচারি দিয়ে প্রকল্পের উপজেলা পর্যায়ের অফিস প্রধানের কাজপরিচালনা সম্ভব নয়। তাই তাকে চাকুরিতে রাখা সমীচীন নয় বলে প্রতীয়মান হয়।

এমতাবস্থায়, কেন তাকে বিনানুমতিতে কর্মস্থল ত্যাগ করে ১০দিনের ধরে কর্মস্থলের বাহিরে থাকায় তার অদক্ষতা, অসদাচারণ, শৃঙ্খলা পরিপন্থীকাজ বিবেচনা করে চুক্তিভিত্তিক নিয়োগপত্রের শর্তানুযায়ী আগামী ২৮.০৫.২০১৯ তারিখ হতে প্রকল্পের চাকুরি হতে স্থায়ীভাবে অব্যাহতি দেয়া হবে না, তার ব্যাখ্যা আগামী ০৭(সাত) দিনের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো। একইসাথে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত তার বেতন ভাতা প্রদান বন্ধ রাখার নির্দেশ প্রদান করা হলো।



২৮-৪-২০১৯

আকবর হোসেন

প্রকল্প পরিচালক

ফোন: ৯৩৫৯০৮৩

ফ্যাক্স: ৯৩৪৮২০৬

ইমেইল: [headoffice@ebek-rdcd.gov.bd](mailto:headoffice@ebek-rdcd.gov.bd)

জনাব মোঃ তোফাজ্জল হোসেন, উপজেলা সমন্বয়কারী

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.২৭.০০৬.১৯.১৪৯/১(৮)

তারিখ: ১৫ বৈশাখ ১৪২৬

২৮ এপ্রিল ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
- ২) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, ৭১-৭২, ইক্ষাটন গার্ডেন, ঢাকা-১০০০।
- ৩) জেলা প্রশাসক, হবিগঞ্জ।
- ৪) উপজেলা নির্বাহী অফিসার, লাখাই, হবিগঞ্জ।
- ৫) প্রোগ্রামার, আমার বাড়ি আমার খামার প্রকল্প(প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬) জেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, হবিগঞ্জ।

- ৭) উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, হবিগঞ্জ, লাখাই।  
৮) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, হবিগঞ্জ, লাখাই।



২৮-৪-২০১৯

আকবর হোসেন  
প্রকল্প পরিচালক